গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

স্মারক নং: ৩৩.০২.০০০০.৩০৬.৬৯.০০১.১৪-০৮ তারিখ: ১০/০১/২০২৩খ্রি.

বিষয়: নৈতিকতা কমিটির সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভা আগামী ১১/০১/২০২৩খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায়, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল, জনাব আনিছুর রহমান তালুকদার, এর সভাপতিত্বে, সম্মেলন কক্ষ, মৎস্য ভবন, বরিশাল বিভাগ, বরিশাল এ অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(আনিছুর রহমান তালুকদার)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।
ফোনঃ ০২৪৭৮৮৬১৩২৬
ই-মেইলঃ ddbarisal@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.৩০৬.৬৯.০০১.১৪-০৮(ক)/১(৭) তারিখ: ১০ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
০২। সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩। মৎস্য চাষ প্রকৌশলী, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪। স্টেনোগ্রাফার কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
০৫। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
০৬। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
০৭। সংশ্লিষ্ট নথি।

সহকারী পরিচালক
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২-২৩) সভায় উপস্থিত সদস্যদের তালিকা:

সভার তারিখঃ ১১ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ সভার সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য ভবন, বরিশাল।

সভাপতিঃ জনাব আনিছুর রহমান তালুকদার, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
১।	জনাব মুহাম্মদ নাসির উদ্দীন	সহকারী পরিচিালক	[signature]
২।	জনাব মোঃ রুবেল মিঞা	মৎস্যচাষ প্রকৌশলী	[signature]
৩।	জনাব মো: হাবিবুর রহমান	স্টেনোগ্রাফার কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	[signature]
৪।	জনাব সুপর্না গাইন	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	[signature]
৫।	জনাব মো: জহিরুল ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	[signature]

[signature] ১১/০৩/২০২৩

(মুহাম্মদ নাসির উদ্দীন)
সহকারী পরিচালক
উপপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২-২৩) সভা এর কার্যবিবরণীঃ

সভার তারিখঃ ১১ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ
সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য ভবন, বরিশাল।
সভার সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব আনিছুর রহমান তালুকদার, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর "পরিশিষ্ট-ক" তে সংরক্ষিত।

সভার শুরুতেই বিভাগীয় নৈতিকতা কমিটির সভাপতি ও বিভাগীয় উপপরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সকলকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রে নৈতিকতার সর্বোচ্চ মানদন্ড বজায় রেখে বিদ্যমান বিধিবিধান মেনে দায়িত্ব পালনের আহবান জানান।
সভায় উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর আওতাধীন জেলা এবং উপজেলা মৎস্য দপ্তরগুলোর বিষয়ে আলোচনা করা হয়। নিয়মিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কী কী বিষয়গুলোতে সতর্ক থাকতে হবে এবং বিভাগীয় কার্যালয় থেকে কিভাবে এগুলো স্বচ্ছ ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সহযোগিতা করা যায় সে বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
সভায় উপপরিচালক মহোদয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর আওতাধীন জেলা এবং উপজেলা মৎস্য দপ্তরগুলোর সমন্বয়ে "বিশেষ কম্বিং অপারেশন-২০২৩" সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ দায়িত্ব কিভাবে পালন করতে হবে এবং প্রতি ধাপের রিপোর্ট যথা সময়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন। উপজেলা ও জেলাসমূহ রাজস্ব ও প্রকল্পের আওতায় মৎস্যজীবীদের মধ্যে প্রশিক্ষণ আয়োজন এবং উপকরণ বিতরণের শিডিউল পূর্বেই উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

১। "বিশেষ কম্বিং অপারেশন-২০২৩" সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ দায়িত্ব পালন করতে হবে এবং যথাসময়ে ১ম, ২য়, ৩য় এবং ৪র্থ ধাপের রিপোর্ট প্রেরণ করতে হবে।

২। রাজস্ব ও প্রকল্পের আওতায় মৎস্য চাষী ও মৎস্যজীবীদের মধ্যে প্রশিক্ষণ এবং উপকরণ বিতরণের শিডিউল পূর্বেই উপজেলা থেকে জেলায় এবং জেলা থেকে উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল বরাবর প্রেরণ করবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি:

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উপজেলা ও জেলাসমূহ তাদের প্রশিক্ষণ ও উপজেলা পর্যায়ের সভাসমূহের বিষয়ে তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে পূর্বেই অবহিত করেন। জেলা ও উপজেলাসমূহ 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২২' সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে নির্দেশনা মোতাবেক যথাযথ দায়িত্ব পালন করেন এবং অভিযানের দৈনিক প্রতিবেদন (সকাল, বিকাল) সফ্টওয়ারে আপলোড করেন। সুতরাং বিগত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

সর্বপরি যার যার অধিক্ষেত্রে সকলে যেন সর্বোচ্চ নৈতিকতা ও শুদ্ধাচারের যথাযথ বাস্তবায়ন করতে পারে সে বিষয়ে বিভাগীয় ও জেলা কর্মকর্তাদের সর্বোচ্চ সহযোগিতার বিষয়টি জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/১/২৩

(আনিছুর রহমান তালুকদার)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

পত্র নং- ৩৩.০২.০০০০.৩০৬.৬৯.০০১.১৪-১১ তারিখঃ ১১ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ
১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। জেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল জেলা)।
৩। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল উপজেলা)।
৪। খামার ব্যবস্থাপক (বরিশাল বিভাগের সকল মৎস্যবীজ উৎপাদন খামার)।
৫। অফিস নথি